



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
গাজীপুর।

স্মারক নং : জাতীঃ বিঃ/পরী/অনার্স-১ম বর্ষ/২০১৪/৪৪৮৯

তারিখ : ১০/১১/২০১৫

সংশোধিত বিজ্ঞপ্তি

**২০১৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার পুনঃনিরীক্ষণের আবেদন
প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য গত ০১/১১/২০১৫ তারিখ থেকে Online-এ আবেদন নেয়া শুরু হয়েছে। আবেদন করার তারিখ ১২/১১/২০১৫ তারিখের পরিবর্তে ১৯/১১/২০১৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪:০০টা পর্যন্ত বৃদ্ধি করা হলো এবং ২৩/১১/২০১৫ তারিখ বিকাল ৩:০০টা পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

ছাত্র-ছাত্রী নিজেই www.nubd.info/201 ওয়েব সাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Pay Slip ডাউনলোড করতে পারবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১০০০০০১৩৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় পরবর্তী কার্যদিবসে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, ফলাফল পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি কোর্স ৮০০/- (আটশত) টাকা।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।